বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে নরসিংদীতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন

হলধর দাস, নরসিংদী :: নরসিংদীতে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে
২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস -২০২৫ উদযাপন করা হয় । জেলা প্রশাসন আয়োজিত বিভিন্ন কর্মসূচির মধ্যে ছিলো: প্রত্যুষে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গন থেকে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের শুভ সূচনা; সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি ভবন
জাতীয় পতাকা উত্তোলন; প্রত্যুষে নরসিংদী জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন শহিদ মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ;
সকাল ৮ টায় নরসিংদী কালেক্টরেট ঈদগাহ মাঠে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও কুচকাওয়াজ ; সকাল ১১ টায় নরসিংদী জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা জ্ঞাপন;
সকাল সাড়ে ১১ টায় জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে
বিনা টিকেটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শনী; বিকাল ৩ টায় কালেক্টরেট ঈদগাহ মাঠে প্রীতি ফুটবল ম্যাচ এবং বাদ জোহর এবং সুবিধাজনক সময়ে
জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে
মসজিদ, মন্দির, গির্জা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা।

শহীদ বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন : প্রত্যুষে (ভোর ৫-৫৬ মিনিটে) জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণে ৩১ বার তোপধ্বনির পরপরই জেলা প্রশাসকের কার্যালয় সংলগ্ন শহিদ মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভে প্রথমেই পুস্পস্তবক অর্পণ করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী । পরে তিনি জেলা মুক্তিযোদ্ধা,জেলা পরিষদ ও অফিসার্স ক্লাবের পক্ষে পুস্পস্তবক অর্পণ করেন।

জেলা পুলিশের পক্ষে পুস্পস্তবক অর্পণ করেন পুলিশ সুপার মোঃ

আব্দুল হান্নান, বিএনপির পক্ষে জেলা বিএনপির সদস্য সচিব মনজুর এলাহী,জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষে সিভিল সার্জন ডাঃ সৈয়দ আমিরুল হক শামীম, নরসিংদী পৌরসভার পক্ষে ডিডিএলজি মৌসুমী সরকার রাখী, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার ও জেলা বিএনপির যুগ্ম আহবায়ক তোফাজ্জল হোসেন মাস্টার,
নরসিংদী সদর উপজেলার পক্ষে উপজেলা নির্বাহী অফিসার আসমা জাহান সরকার,জেলা বিএনপির যুগ্ম আহবায়ক এম এ জলিল ওরফে ভিপি জলিল, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক অ্যাডভোকেট আব্দুল বাছেদ ভূঁইয়া, শহর বিএনপির সভাপতি গোলাম কবির কামাল, ঐক্য ন্যাপের পক্ষে বীর মু্তিযোদ্ধা রঞ্জিত কুমার সাহা ও বীর মুক্তিযোদ্ধা শহীদুল্লাহ খন্দকার, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির পক্ষে হলধর দাস, মনজিল এ মিল্লাত ও পারভীন বেগম সহ জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্ণধার গণ।
সকাল ৮ টায় নরসিংদী কালেক্টরেট ঈদগাহ মাঠে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন প্রধান অতিথি জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী। এসময় জাতীয় পতাকার প্রতি স্যালুট জানান পুলিশ সুপার মোঃ আব্দুল হান্নান।

জাতীয় পতাকা উত্তোলনের পর ৭১এর মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী সকল বীর শহীদ মুক্তিযোদ্ধা ও নির্যাতিতা মা- বোনদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে বক্তব্য রাখেন, অনুষ্ঠানের প্রধান অতিথি মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী। তিনি বলেন, বাঙালি জাতির ইতিহাসের এক অনন্য গৌরবগাঁথা। মুক্তিযুদ্ধ ছিল দেশমাতৃকার আপামর জনগণের এক সম্মিলিত ও সাহসী প্রতিরোধ। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী এ যুদ্ধে জীবন উৎসর্গকারী সকল শহিদ ও বীর মুক্তিযোদ্ধা এবং সম্ভ্রম হারানো মা-বোনের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি লাল-সবুজের পতাকা। আজকের এই দিনে জেলা প্রশাসনের পক্ষ থেকে সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

এরপর শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী,পুলিশ,আনসার বাহিনীর সমাবেশ ও কুচকাওয়াজে সালাম গ্রহণ করেন জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী ও পুলিশ সুপার মোঃ আব্দুল হান্নান। কুচকাওয়াজে পুলিশ-আনসার ছাড়াও ১৫টি শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। কুচকাওয়াজ প্রদর্শনে প্রথম,দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের পুরস্কার প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি। এছাড়া, কুচকাওয়াজে অংশগ্রহণকারী সকল দলকে শান্তনা পুরস্কার প্রদান করা হয়।
কুচকাওয়াজ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে শহিদ মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পনকারী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বড় ও ছোট দুই দলে বিভক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে বড় দলে কুচকাওয়াজে প্রথম স্থান অধিকার করেছে নরসিংদী সানবীম স্কুল, দ্বিতীয় স্থান অধিকার করে নরসিংদী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় দল এবং তৃতীয় স্থান অধিকার করেছে নরসিংদী ইনডিপেনডেন্ট কলেজ দল।

ছোট দলে প্রথম স্থান অধিকার করেছে বিলাসদী সরকারি প্রাথমিক বিদ্যালয় দল,দ্বিতীয় স্থান অধিকার বীরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় দল এবং তৃতীয় স্থান অধিকার করেছে মাদ্রাসাতুল মদিনা’র শিক্ষার্থী দল।

বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা জ্ঞাপন:
সকাল ১১টায় জেলা শিল্পকলা একাডেমীতে বীর মুক্তিযোদ্ধাদের

সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আবু তাহের মো: সামসুজ্জামান এর সভাপতিত্বে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানে মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বক্তব্য রাখেন পুলিশ সুপার মোঃ আব্দুল হান্নান, সিভিল সার্জন ডা. সৈয়দ মোঃ আমিরুল হক শামীম, নরসিংদীর ডিডিএলজি মৌসুমী সরকার রাখী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) অনজন দাস, বীর মুক্তিযোদ্ধা ও জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক তোফাজ্জল হোসেন মাস্টার, বীর মুক্তিযোদ্ধা মনসুর আহমেদ, বীর মুক্তিযোদ্ধা সাদেকুর রহমান সাদেক, সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদ মোল্লা, বীর মুক্তিযোদ্ধা আবুল কালাম আজাদ প্রমুখ। অনুষ্ঠান শেষে চারজন পঙ্গু মুক্তিযোদ্ধা হুইল চেয়ার প্রদান করা হয়।